রাশিয়ায় ভ্রমণকারী ভারতীয়দের জন্য পরামর্শ

রাশিয়ার সশস্ত্র বাহিনীতে ভারতীয় নাগরিকদের নিয়োগ সংক্রান্ত প্রতিবেদন আমরা এখনও পেয়ে চলেছি। গত দুই বছরে সরকার একাধিকবার এই ধরনের পদক্ষেপের সঙ্গে জড়িত অন্তর্নিহিত ঝুঁকি ও বিপদের বিষয়টি তুলে ধরেছে এবং বিভিন্ন সময়ে বিদেশে কর্মসংস্থানের সুযোগ অনুসন্ধানের ক্ষেত্রে ভারতীয় নাগরিকদের সতর্ক থাকার এবং অযাচাইকৃত ব্যক্তি বা সংস্থার চাকরির প্রলোভনে পা না দেওয়ার পরামর্শ প্রদান করেছে।

2. আমাদের নজরে এমনও বহু ঘটনা এসেছে, যেখানে কিছু ব্যক্তি সংশ্লিষ্ট আর্থিক সুবিধা লাভের প্রত্যাশায় স্বেচ্ছায় রাশিয়ার সশস্ত্র বাহিনীতে যোগদানের প্রস্তাব গ্রহণ করেছেন এবং পরবর্তীতে ভারত সরকারের কাছে সহায়তা চেয়ে সেখান থেকে অব্যাহতি পাওয়ার আশা করেছেন। পুনরায় জানানো হচ্ছে যে, এটি অত্যন্ত বিপজ্জনক এবং সরকার এ ধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য দৃঢ়ভাবে পরামর্শ প্রদান করছে।

3. এছাড়াও এমন অনেক উদাহরণ রয়েছে যেখানে ব্যক্তিরা স্বেচ্ছায় তাদের ভারতীয় নাগরিকত্ব ছেড়ে দিতে, রাশিয়ান পাসপোর্ট পেতে এবং তারপর রাশিয়ান সশস্ত্র বাহিনীতে নিযুক্ত হওয়ার জন্য ভারতীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেছেন। কিছু ব্যক্তি ইতিমধ্যেই ভারতীয় কর্তৃপক্ষের সঙ্গে পরামর্শ না করেই, সাময়িক আর্থিক সুবিধার প্রলোভনে পড়ে এমন পদক্ষেপ নিয়েছেন। ব্যক্তিদের এ ধরনের পদক্ষেপের গুরুত্ব বিবেচনা করার এবং এর ফলে তারা যে প্রাণঘাতী ঝুঁকির সম্মুখীন হবেন, তা অনুধাবন করার পরামর্শ দেওয়া হচ্ছে। সরকার ভারতীয় নাগরিকদের এই ধরণের পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকার পরামর্শ দেয়।

4. আমাদের নজরে এ বিষয়টিও এসেছে যে, স্বেচ্ছাসেবী সংগঠন সহ বিভিন্ন বেসরকারি সংস্থার মাধ্যমে বিদেশি নাগরিকদের রাশিয়ার সশস্ত্র বাহিনীতে কাজ করার জন্য নিয়োগ করা হচ্ছে। ভারতীয় নাগরিকদের পরামর্শ দেওয়া হচ্ছে যে, বিদেশ মন্ত্রকের কাছে নিবন্ধিত নয় এমন এজেন্টদের কাছ থেকে চাকরির প্রস্তাব গ্রহণের আগে যথাযথভাবে যাচাই করে নেবেন।

5. রাশিয়ার সশস্ত্র বাহিনীতে কর্মরত সকল ভারতীয় নাগরিকের নিরাপত্তা, সুস্থতা এবং দ্রুত অব্যাহতি নিশ্চিত করতে ভারত সরকার রুশ কর্তৃপক্ষের সঙ্গে ক্রমাগত যোগাযোগ করে চলেছে।